# বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি

## রেজিস্ট্রার দপ্তর (সংস্থাপন শাখা)

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬, মোবাঃ ০১৭৬৯-৭২১০১০

ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd, ওয়েব: www.bsmrmu.edu.bd


বিজ্ঞপ্তি নম্বর:বিএমইউ/রেজি-৩৩৬/২৫/০১ তারিখ: ০৯/০৩/২০২৫

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

গত ১৩ জানুয়ারি ২০২৫ তারিখের বিএসএমআরএমইউ/রেজি-৩৩৬/২৫/০১ স্মারকের আলোকে দৈনিক পত্রিকায় ১৪টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। একই স্মারকের আলোকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত বিস্তারিত নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নং-১ এ উল্লিখিত সেকশন অফিসার পদের শিক্ষাগত যোগ্যতা থেকে **"বাণিজ্য বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি"**-এর পরিবর্তে **"যেকোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি"** প্রতিস্থাপন করা হইলো এবং বিজ্ঞপ্তির শর্তাবলির ১৩ নং কলামে উল্লিখিত **"একজন প্রার্থী একাধিক পদে আবেদন করলেও যেকোন ১টি পদেই পরীক্ষা দিতে পারবেন"** শর্তটি বাতিল করা হইলো। বর্ণিত বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী ইতোপূর্বে আবেদন করিয়াছেন তাহাদের নতুন করে আবেদন করিবার প্রয়োজন নাই। তবে যদি কোন প্রার্থী পূর্বে আবেদনকৃত পদ ব্যতীত অন্য পদে আবেদন করিতে আগ্রহী হন তাহা হইলে আবেদন করিতে পারিবেন। এপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহবান করা যাইতেছে।

| ক্রমিক নং | পদের নাম, পদসংখ্যা, গ্রেড ও বেতনস্কেল | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সেকশন অফিসার-০১ (এক)<br><br>(গ্রেড-৯, বেতনস্কেল ২২,০০০-৫৩,০৬০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যেকোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ২. | পাবলিক রিলেশন অফিসার-০১ (এক)<br><br>(গ্রেড-৯, বেতনস্কেল ২২,০০০-৫৩,০৬০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা/আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জনসংযোগ ও তথ্য সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৩. | প্রোটোকল অফিসার-০১ (এক)<br><br>(গ্রেড-৯, বেতনস্কেল ২২,০০০-৫৩,০৬০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যেকোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রোটোকল অফিসার/ব্যক্তিগত কর্মকর্তা পদে চাকুরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৪. | লিগ্যাল অফিসার-০১ (এক)<br><br>(গ্রেড-৯, বেতনস্কেল ২২,০০০-৫৩,০৬০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৫. | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)- ০১ (এক)<br><br>(গ্রেড-১০, বেতনস্কেল ১৬,০০০-৩৮,৬৪০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা।<br><br>(খ) **অভিজ্ঞতা:** (১) কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/খ্যাতনামা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ০৪ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>(২) অবশ্যই বেসিক কম্পিউটার প্রোগ্রাম (এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, এমএস পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ইত্যাদি)-এ ধারণা থাকিতে হইবে।<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |

| | | | |
|---|---|---|---|
| ৬. | হিসাব সহকারী- ০১ (এক)<br><br>(গ্রেড-১১, বেতনস্কেল ১২,৫০০-৩০,২৩০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে স্নাতক ডিগ্রি।<br><br>(খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/খ্যাতনামা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে যোগ্যতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৭. | সহকারী অডিটর- ০১ (এক)<br><br>(গ্রেড-১২, বেতনস্কেল ১১,৩০০-২৭,৩০০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে স্নাতক ডিগ্রি।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে যোগ্যতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৮. | অফিস সহকারী কাম ডাটা প্রসেসর- ০৫ (পাঁচ)<br><br>(গ্রেড-১৩, বেতনস্কেল ১১,০০০-২৬,৫৯০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এইচএসসি পাস। উচ্চতর ডিগ্রিধারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২৮ শব্দের গতি এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ এবং অফিস পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কম্পিউটার ব্যবহারিক প্রোগ্রাম যেমন, এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে।<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৯. | ইলেকট্রিশিয়ান- ০১ (এক)<br><br>(গ্রেড-১৬, বেতনস্কেল ৯,৩০০-২২,৪৯০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/সমমান পাসসহ সংশ্লিষ্ট বিষয়ে কোনো ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট হইতে ট্রেড কোর্স সম্পন্নকারী।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ১০. | অফিস সহায়ক- ০১ (এক)<br><br>(গ্রেড-২০, বেতনস্কেল ৮,২৫০-২০,০১০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

*** জাতীয় বেতন-স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হইয়াছে। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হইবে।**

## শর্তাবলি:

**১। আগ্রহী প্রার্থীদের স্বহস্তে পূরণকৃত ০২ (দুই) সেট আবেদনপত্র ২৫ মার্চ ২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। আবেদন ফরমসমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrmu.edu.bd বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রার্থীর বর্তমান/যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।**

**২। বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি-এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হইতে ১-৫ নং পদের জন্য ২০০/০০ (দুইশত) টাকা, ৬-৭ নং পদের জন্য ১৫০/০০ (একশত পঞ্চাশ) টাকা, ৮-৯ নং পদের জন্য ১০০/০০ (একশত) টাকা ও ১০ নং পদের জন্য ৫০/০০ (পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।**

৩। প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্যতোলা ৫ সে.মি. x ৫ সে.মি. সাইজের ০৫ (পাঁচ) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র ও প্রশংসাপত্র, অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), প্রকাশনা (প্রযোজ্য ক্ষেত্রে), বিদেশি বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে ইস্যুকৃত সমমান সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।

৪। **১৩ জানুয়ারি ২০২৫ তারিখে প্রার্থীর বয়:সীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে।** বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়:সীমা প্রযোজ্য নহে। বিভাগীয় প্রার্থী বলতে এই বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট পদে কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারী।

৫। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৬। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় প্রার্থীর ইংরেজিতে পারদর্শিতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হইবে।

৭। লিখিত পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত, এসএমএস ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ এসএমএস ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

**৮। যেকোন সরকারি চাকুরি হইতে বরখাস্ত কিংবা অপসারিত হইলে তাহা অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।**

৯। গ্রেডিং পদ্ধতির সঙ্গে বিভাগ/শ্রেণির সমতাকরণের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার জিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের-

শিম/শা:১১/১৯-১/২০০৭/১৭৪ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ মার্চ ২০১০ এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সিজিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ জুন ২০০৯-এর (২) (ক), (খ) ও (গ) অনুসৃত হইবে।

১০। **চাকুরিরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।**

১১। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম (৫নং মোহরা ওয়ার্ডের হামিদচর এলাকার মৌজা চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া, থানা: বন্দর, জেলা: চট্টগ্রাম)-এ নির্মাণাধীন।

১২। কর্তৃপক্ষ প্রয়োজনে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৩। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য হইতে হইবে। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হইলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়িলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

রেজিস্ট্রার
বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি